



স্মারক নং-০৫.১০.০৯০০.০০৮.০১.০৯৫.২৩- ৭৬


তারিখ: ১৬ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ।
২০ মে ২০২৪ খ্রিষ্টাব্দ।

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা ক্ষতিগ্রস্ত/স্বার্থ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, (বাপেক্স) এর “টবগী-০১” কূপ হতে গ্যাস উত্তোলনের নিমিত্ত শাহবাজপুর গ্যাস ক্ষেত্রে বিদ্যমান প্রসেস প্ল্যান্ট পর্যন্ত গ্যাস গ্যাদারিং পাইপলাইন স্থাপনের লক্ষ্যে ০১ভোঃ/২০২৩-২৪ এলএ কেসে বোরহানউদ্দিন উপজেলাধীন জেএল নং-৫৬, মুলাইপত্তন মৌজার অধিগ্রহণ প্রস্তাবিত ২/৮৯৯০ একর জমি প্রত্যাহী সংস্থার প্রতিনিধি ও স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তির উপস্থিতিতে গত ২৮-০২-২০২৪ খ্রি. তারিখ সরেজমিন তদন্ত করে দার্শনিক জমির সর্বশেষ মালিক/দখলদার, জমির উপরিস্থিত অবকাঠামো/গাছপালা /ফসল ইত্যাদির তথ্য উল্লেখপূর্বক নির্ধারিত ছকে যৌথ তালিকা প্রস্তুত করা হয়েছে।

যৌথ তালিকা বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ/জেলা প্রশাসক, ভোলা/উপজেলা নির্বাহী অফিসার, বোরহানউদ্দিন, টবগী ইউনিয়ন ডিজিটাল সেন্টার, টবগী ইউনিয়ন ভূমি অফিস, বোরহানউদ্দিন এর নোটিশ বোর্ডসহ প্রকল্পের নিকটবর্তী স্থানে দেখা যাবে। যৌথ তালিকায় অবকাঠামো/ঘরবাড়ী অন্তর্ভুক্তির বিষয়ে কোন আপত্তি থাকলে সে বিষয়ে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে আবেদন বিভাগীয় কমিশনার, বরিশাল এর নিকট আবেদন করা যাবে। তালিকায় মালিকানা/স্বার্থ সংশ্লিষ্ট কোন বিষয়ে আপত্তি থাকলে জেলা প্রশাসকের নিকট আবেদন করা যাবে। এ সংক্রান্ত যাবতীয় তথ্য এ কার্যালয়ের ভূমি অধিগ্রহণ শাখা থেকে জানা যাবে।

সংযুক্তি: যৌথ তালিকা ১) ফর্দ।


(অমির আল ইয়ামীন)
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
ভোলা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ১। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল। (গণবিজ্ঞপ্তিসহ যৌথ তালিকা ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, বোরহানউদ্দিন, ভোলা। (গণবিজ্ঞপ্তিসহ যৌথ তালিকা ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
- ৩। সহকারী প্রোগ্রামার, এ কার্যালয়। (গণবিজ্ঞপ্তিসহ যৌথ তালিকা এ কার্যালয়ের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
- ৪। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, টবগী ইউনিয়ন ভূমি অফিস, বোরহানউদ্দিন, ভোলা। (গণবিজ্ঞপ্তিসহ যৌথ তালিকা নোটিশ বোর্ডে প্রচারের জন্য)।
- ৫। ইউনিয়ন ডিজিটাল সেন্টার, টবগী ইউনিয়ন পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা। (গণবিজ্ঞপ্তিসহ যৌথ তালিকা নোটিশ বোর্ডে প্রচারের জন্য)।
- ৬। জনাব মোঃ জসিম উদ্দিন, জারিকারক, ভূমি অধিগ্রহণ শাখা, ভোলা। (গণবিজ্ঞপ্তিসহ যৌথ তালিকা নিকটবর্তী স্থানে প্রচারের জন্য)।